

উপজেলা সমাজকল্যাণ কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০২/২০২১-২২

তারিখ: ১৩-১০-২০২১ ইং

সময়: সকাল: ১০:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা সমাজসেবা অফিস, আমতলী, বরগুনা।

উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মোসাঃ মনিরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী	সভাপতি	স্বাক্ষরিত
২	মোঃ রফিকুল ইসলাম রিপন	চেয়ারম্যান, আঠারগাছিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	মোঃআসাদুজ্জামান মিন্টু মল্লিক	চেয়ারম্যান, হলদিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	মোঃ আক্তারুজ্জামান খান বাদল	চেয়ারম্যান, চাওড়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	মো: মনজুরুল হক কাওছার	উপজেলা সমাজসেবা অফিসার, বআমতলী	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়:

১. বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা
২. বিবিধ


আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অধ্যক্ষ সভা উপজেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী বরগুনা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, আমতলী, বরগুনাকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে সভাপতি মহোদয়কে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
অতঃপর সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিধবা ভাতা খাতে সদর উপজেলাধীন ০৭টি ইউনিয়নে ১০% হারে বিভাজনকৃত ৪৭৯(চারশত উনআশি) টি অতিরিক্ত কোটা পাওয়া গেছে। উক্ত কোটা পূরণের লক্ষ্যে ০৭টি ইউনিয়নের চেয়ারম্যান বরাবরে তালিকা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। উক্ত পত্রের আলোকে নীতিমালা মোতাবেক রেজুলেশনের মাধ্যমে ০৭টি ইউনিয়ন হতে ৪৭৯(চারশত উনআশি) জনের মূল তালিকা পাওয়া গেছে। তালিকা গুলো সভায় উপস্থাপন করা হয়।	যথাসময়ে ভাতা বিতরণের কাজ সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। মৃত. ভাতাভোগীর পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২১-২২ অর্থবছর। উপজেলা সমাজসেবা অফিসার, আমতলী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোসাঃ মনিরা বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ কমিটি
আমতলী, বরগুনা।